

# ঢাবি-জবি-রাবিসহ ৭ বিশ্ববিদ্যালয়ে ভিসি নিয়োগ

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ১৬ মার্চ ২০২৬, ১৭:২৪



শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। ছবি: সংগৃহীত

একসঙ্গে দেশের ৭টি বিশ্ববিদ্যালয়ে ভাইস চ্যান্সেলর (ভিসি) নিয়োগ দিয়েছে সরকার। সোমবার (১৬ মার্চ) শিক্ষা মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

শিক্ষামন্ত্রী বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য (ভিসি) হয়েছেন অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম। এছাড়া রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভিসি হয়েছেন ফরিদুল ইসলাম। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভিসি হিসেবে ড. রইস উদ্দিনকে নিয়োগ দেওয়া হয়েছে।

এর বাইরে সেন্ট্রাল ইউনিভার্সিটিতে অধ্যাপক ড. নুরুল ইসলাম, উনুত্ত বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মো. সিদ্দিকুর রহমান খান, খুলনা প্রকৌশলী ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ড. মো. মাসুদ ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক ড. মোহাম্মদ আল-ফোরকানকে ভিসি হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে।

এছাড়া বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে ঢাবির প্রোভিসি (শিক্ষা) অধ্যাপক মামুন আহমেদকে।